

আইআইইউসি'র আই ট্রিপল ই দিবস উদযাপন অনুষ্ঠানে প্রফেসর গোলাম মহিউদ্দীন

# প্রযুক্তিকে দক্ষতার সাথে ধারণ না করলে অগ্রগতি সম্ভব নয়

আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রাম (আইআইইউসি) এর ভাইস-চ্যান্সেলর প্রফেসর কে.এম গোলাম মহিউদ্দীন বলেছেন, প্রযুক্তিকে দক্ষতার সাথে ধারণ না করলে অগ্রগতি সম্ভব নয়। আইআইইউসি অত্যন্ত গুরুত্বের সাথে অগ্রাধিকার ভিত্তিতে বিজ্ঞানের চর্চা ও পৃষ্ঠপোষকতা প্রদান করছে।



আজ সোমবার আই ট্রিপল ই আইআইইউসি স্টুডেন্ট ব্রাঞ্চার আয়োজনে আই ট্রিপল ই দিবস উদযাপন অনুষ্ঠানে প্রফেসর কে.এম গোলাম মহিউদ্দীন প্রধান অতিথির বক্তব্যে এ কথা বলেন। সকালে আই ট্রিপল ই দিবস উপলক্ষে এক বর্ণাঢ্য র্যালি বিজ্ঞান ও প্রকৌশল অনুষদ ভবন থেকে শুরু হয়ে ক্যাম্পাস প্রদক্ষিণ করে কেন্দ্রীয় লাইব্রেরীর সামনে এক সমাবেশ করে। র্যালিতে বিজ্ঞান ও প্রকৌশল অনুষদের বিপুলসংখ্যক শিক্ষক ও শিক্ষার্থী অংশগ্রহণ করেন। র্যালি শেষে আই ট্রিপল ই আইআইইউসি স্টুডেন্ট ব্রাঞ্চার কাউন্সিলর এবং ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং বিভাগের চেয়ারম্যান মুহাম্মদ আতহার উদ্দিনের সভাপতিত্বে অনুষ্ঠিত সমাবেশে বিশেষ অতিথি হিসাবে বক্তব্য রাখেন ভারপ্রাপ্ত প্রোভিসি প্রফেসর ড. মোঃ দেলোয়ার হোসাইন। অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন, আইআইইউসি'র বিজ্ঞান ও প্রকৌশল অনুষদের ডীন প্রফেসর ড. মনিরুল ইসলাম, স্টুডেন্ট ব্রাঞ্চার মেন্টর মিয়া ইমতিয়াজ জুলকারনাইন এবং স্টুডেন্ট ব্রাঞ্চার চেয়ারপার্সন মোঃ বাকিউজ্জামান। অনুষ্ঠান সঞ্চালনা করেন আই ট্রিপল ই আইআইইউসি স্টুডেন্ট ব্রাঞ্চার জেনারেল সেক্রেটারী মারুফুল হাসান সাব্বির।

প্রধান অতিথির বক্তব্যে ভাইস-চ্যান্সেলর প্রফেসর কে.এম গোলাম মহিউদ্দিন বলেন, আইআইইউসি বিদ্যুতায়ন থেকে শুরু করে প্রযুক্তিগত সকল সুযোগ সুবিধা নিশ্চিত করাতে বদ্ধপরিকর। তিনি আই ট্রিপল ই আইআইইউসি স্টুডেন্ট ব্রাঞ্চার কার্যক্রমের প্রশংসা করেন।

আলোচনা পর্ব শেষে আই ট্রিপল ই আইআইইউসি স্টুডেন্ট ব্রাঞ্চার অফিসিয়াল ওয়েবসাইট উদ্বোধন করেন ভাইস-চ্যান্সেলর প্রফেসর কে.এম গোলাম মহিউদ্দিন। এ সময় উপস্থিত ছিলেন আইআইইউসি বোর্ড অব ট্রাস্টীজ এর সদস্য প্রিন্সিপাল মুহাম্মদ তাহের। প্রেস বিজ্ঞপ্তি

**(মোসতাক খন্দকার)**

সহকারী পরিচালক, জনসংযোগ

আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রাম